

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৯৩৫

আগরতলা, ১৭ আগস্ট, ২০২৪

ধলাই জেলার পুষ্পরাম  
পাড়াতে স্বাস্থ্য শিবির

আমবাসা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের উদ্যোগে কুলাই আরএফ আয়ুষ্মান আরোগ্য মন্দিরের অন্তর্গত পুষ্পরাম পাড়াতে গতকাল এক স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। শিবিরে ২৪ জনের স্বাস্থ্য পরীক্ষা করা হয়। তাছাড়াও গুরুতন পাড়া আয়ুষ্মান আরোগ্য মন্দিরের অন্তর্গত তিলক কুমার পাড়াতে অনুরূপ এক স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। শিবিরে ৩১ জনের স্বাস্থ্য পরীক্ষা করা হয়। শিবিরগুলিতে ম্যালেরিয়া রোগ প্রতিরোধ, টিকাকরণের গুরুত্ব, হাসপাতালে প্রসব সুনিশ্চিত করা, ডায়ারিয়া প্রতিরোধ ইত্যাদি বিষয়ে সচেতনতামূলক আলোচনা করা হয়। এছাড়াও শিবিরে বিনামূল্যে রোগীদের ওষুধ বিতরণ করা হয়। ধলাই জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কার্যালয় থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*